



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

মার্কিন যুক্তরাষ্ট্রে শিক্ষা ছুটিতে অবস্থানকালীন এবং আনুষ্ঠানিক তদন্ত চলমান অবস্থায়
ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল করিমের চাকরি থেকে
অব্যাহতির আবেদনের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৬ জুলাই ২০২৪।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এই বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল করিমের বিরুদ্ধে ২৮-০৮-২০২১ তারিখ থেকে আনুষ্ঠানিক তদন্ত কমিটির কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় ২৫ জুলাই ২০২৪ তারিখে ই-মেইল যোগে তিনি বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি চেয়ে একটি পত্র প্রেরণ করেন। উল্লেখ্য যে, তিনি ০৭-০৮-২০২১ তারিখ থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে পিএইচডি শিক্ষা ছুটিতে রয়েছেন। ইতোপূর্বে তিনি মাস্টার্স প্রোগ্রামের জন্যও ২ বছর ছুটি ভোগ করেছেন। পিএইচডি এবং মাস্টার্স ছুটি মিলিয়ে তিনি ইতোমধ্যে প্রায় ৬ বছর শিক্ষাছুটি অতিবাহিত করেছেন।

বলা প্রয়োজন যে, ২৮-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের বিশেষ সভার সিদ্ধান্ত অনুযায়ী ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের এমবিএ ৪র্থ ব্যাচের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ২য় সেমিস্টার পরীক্ষা কমিটি পুনর্গঠন এবং পরীক্ষায় অসদুপায় অবলম্বনের সহযোগিতার অভিযোগে তৎকালীন বিভাগীয় সভাপতি জনাব জাহিদুল করিমের বিরুদ্ধে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন গ্রহণপূর্বক উক্ত প্রতিবেদন পর্যালোচনা করে সুপারিশ প্রদানের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্মচারী দক্ষতা ও শৃঙ্খলা অধ্যাদেশের ৫(ক) (২) উপধারা মোতাবেক আনুষ্ঠানিক তদন্ত কমিটি গঠন করা হয়। যার কার্যক্রম বর্তমানে চলমান থাকা অবস্থায় তিনি চাকরি থেকে অব্যাহতি চেয়েছেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মনে করেন, জনাব জাহিদুল করিম তদন্তে শান্তির আশঙ্কা থেকে চাকরি থেকে অব্যাহতি চেয়েছেন। একইসাথে তিনি উদ্দেশ্যমূলক ও দূরভিসন্ধি থেকে দেশের সাম্প্রতিক ঘটনাকে কারণ হিসেবে অব্যাহতি পত্রে উল্লেখ করেছেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দৃঢ়ভাবে জানাচ্ছেন যে, তাঁর বিরুদ্ধে গঠিত আনুষ্ঠানিক তদন্ত চলবে এবং তদন্ত সম্পন্ন হওয়ার পর তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

